সিস্টেম এনালিস্ট
আইটি শাখা, বিএমইটি
ডায়েরী নং- 4126
তারিখ নং- 27/7/25
অনুস্বাক্ষর

মহা-পরিচালক
জনশক্তি ব্যুরো
প্রাপ্তির তাং ...
ডাইরী নং ...
পরিচালক (...)
অনুস্বাক্ষর

D-OK

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
কর্মসংস্থান শাখা
৮৯/২, কাকরাইল, ঢাকা
www.bmet.gov.bd

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.০০০.৪০.০০২৫.২৫.৩৪

তারিখ: ২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

**বিষয়: রিক্রুটিং এজেন্সি মেসার্স পলিট্রেড ইন্টারন্যাশনাল (আরএল-০৪০৪) এর অনুকূলে সৌদি আরবে ৫০ (পঞ্চাশ) জন কর্মীর বহির্গমন ছাড়পত্র প্রক্রিয়াকরণের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: D_220 ০৭ জুলাই ২০২৫

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ আবেদনের প্রেক্ষিতে রিক্রুটিং এজেন্সি মেসার্স পলিট্রেড ইন্টারন্যাশনাল লিঃ (আরএল-০৪০৪) এর অনুকূলে নিম্ন বর্ণিত শর্তসাপেক্ষে সৌদি আরবে ৫০ (পঞ্চাশ) জন পুরুষ কর্মীর বহির্গমন ছাড়পত্র প্রক্রিয়াকরণের অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলো:

| রিক্রুটিং এজেন্সির নাম ও ঠিকানা | গন্তব্য দেশের নাম | কোম্পানীর নাম ও ঠিকানা | পদের নাম ও সংখ্যা | বেতন ও অন্যান্য সুবিধাদি | অভিবাসন ব্যয় |
|---|---|---|---|---|---|
| মেসার্স পলিট্রেড ইন্টারন্যাশনাল লিঃ (আরএল-০৪০৪) ১৯, নিউ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। ফোন: (০০ ৮৮০ ২) ৮৮৭৮১১১-৫ ইমেইল: polytrade404@gmail.com | সৌদি আরব | C.A.T. International L.L.C., Eastern Region, KSA. Sponsor Id: 7001501621 Block Visa No: 1305203383 Date: 19/12/1446h | Loading unloading worker ৫০ (পঞ্চাশ) জন Demand No: 251906128 Date: 19/06/2025 | বেতন: ৮০০ এস. আর. খাবার: ২০০ এস. আর. চুক্তির মেয়াদ: ০২ বছর; কর্ম ঘণ্টা: ৮ ঘণ্টা প্রতিদিন, প্রতি সপ্তাহে ৬ দিন (সপ্তাহে ৪৮ ঘণ্টার বেশি নয়); ওভারটাইম: প্রতি ঘণ্টায় বেতনের ১.৫ গুণ; বার্ষিক ছুটি: ২১ দিন/বছর; বিমান টিকেট, ইনস্যুরেন্স, ইকামা, খাদ্য, বাসস্থান, চিকিৎসা, ভিসা চার্জ ইত্যাদি নিয়োগকর্তা বহন করবে। এছাড়া চাকুরীর অন্যান্য সুযোগ-সুবিধা সৌদি আরবের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে। | ৮২,০০০/- (বিরাশি হাজার) টাকা |

মোট = ৫০ (পঞ্চাশ) জন

**শর্তাবলি:**

ক. বাংলাদেশ থেকে সৌদি আরব কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিকে অবশ্যই বাংলাদেশ এবং সৌদি আরব উভয় দেশের বিধিবদ্ধ আইন, বিধি বিধান অনুসরণ করতে হবে;

খ. বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ১৯ (৩) ধারা অনুযায়ী রিক্রুটিং এজেন্সিকে বিএমইটির চলমান ডাটাবেজ থেকে কর্মী নির্বাচন করতে হবে;

গ. ডাটাবেজ থেকে কর্মী নেয়ার বিষয়টি মহাপরিচালক, বিএমইটি নিশ্চিত করবেন এবং ডাটাবেজ বহির্ভূত কোনো কর্মীর অনুকূলে বহির্গমন ছাড়পত্র প্রদান করবেন না;

ঘ. প্রত্যেক গ্রুপে বাংলাদেশী কর্মী সৌদি আরবে পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি মন্ত্রণালয়, বিএমইটি এবং বাংলাদেশ দূতাবাস রিয়াদ প্রতিবেদন দাখিল করবেন;

ঙ. বহির্গমন ছাড়পত্র গ্রহণের জন্য নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে এবং চুক্তির বাংলায় অনুবাদকৃত কপি কর্মীকে প্রদান করতে হবে। রিক্রুটিং এজেন্সি বিষয়টি নিশ্চিত করবেন;

চ. বহির্গমন ছাড়পত্র গ্রহণের আবেদনের সাথে বিএমইটি'তে চাহিদাপত্র, ক্ষমতাপত্র, চুক্তিপত্র ও দক্ষতা সনদসহ অন্যান্য ডকুমেন্টস দাখিল করতে হবে। বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক বহির্গমন ছাড়পত্র (Emigration Clearance Card/ BMET Smart Card) প্রদান করবে;

ছ. সৌদি আরব প্রান্তের সকল ব্যয় (লেভি, বিমানভাড়া ইত্যাদি) নিয়োগকারী বহন করবেন। কর্মীর ভিসা, বহির্গমন ছাড়পত্র এবং ফ্লাইট নিশ্চিত হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয় বাবদ কর্মীর নিকট হতে সর্বোচ্চ ৮২,০০০/- (বিরাশি হাজার) টাকা চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহন করতে পারবেন এবং প্রমানপত্র বিএমইটি এর মহাপরিচালক বরাবর উপস্থাপন করতে হবে;

জ. চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘিত হবে না, অনুমোদিত কর্মীগণ অবশ্যই চাকুরী পাবেন, প্রত্যেক কর্মীকে প্রস্তাবিত বেতন-ভাতসহ অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে এবং কোনো ধরণের অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সিকে কর্মীর আবাসন, খাবার ও প্রত্যাবর্তনের ব্যয়সহ কর্তৃক আরোপিক ক্ষতিপুরণ প্রদানে রিক্রুটিং এজেন্সি বাধ্য থাকবেন মর্মে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;

ঝ. কর্মীদের চাকুরীর শর্তাবলী সৌদি আরবের শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে;

ঞ. এ নিয়োগ সম্পন্ন করে ১৪ দিনের মধ্যে মন্ত্রণালয় ও বিএমইটি'কে অবহিত করতে হবে;

ট. প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে সৌদি আরব যাবেন অথবা সৌদি আরব বিমানবন্দরে একজন প্রতিনিধি কর্মীদের গ্রহণ করার জন্য উপস্থিত থাকবেন;

ঠ. নির্দেশনা অনুসারে কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে এবং স্বাস্থ্য বিধি সংক্রান্ত আনুষাঙ্গিক নিয়ম-কানুন প্রতিপালন করতে হবে;

ড. কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা বাংলাদেশ দূতাবাস সৌদি আরব ও বিএমইটি'তে দাখিল করতে হবে;

ঢ. রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কোনো অভিযোগ নাই এবং ইতোপূর্বে প্রেরিত কর্মীদের কর্মসংস্থান বিষয়ে নিশ্চিত হয়ে বহির্গমন ছাড়পত্র প্রদান করতে হবে; এবং এ

ণ. এই অনুমোদন কোম্পানী কর্তৃক প্রদানকৃত ক্ষমতা অর্পন পত্রে বর্ণিত সময়কাল পর্যন্ত অথবা অনুরূপ কোনো আদেশ বলে বর্ধিত মেয়াদ পর্যন্ত বলবৎ থাকবে।

ত. কোনো কারণ দর্শাণো ব্যতিরেকে এ প্রক্রিয়াকরণের অনুমোদন বাতিল বা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৭-০৭-২০২৫
মোঃ তাজিম-উর-রহমান
পরিচালক

জনাব মোহাম্মদ জহিরুল ইসলাম (ব্যবস্থাপনা পরিচালক )
মেসার্স পলিট্রেড ইন্টারন্যাশনাল লিঃ (আরএল-০৪০৪), ১৯, নিউ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮।।

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০০.০০০.৪০.০০২৫.২৫.৩৪/১ (১০)

তারিখ: ২ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
১৭ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা।
২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যান ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন, ঢাকা।
৪। অতিরিক্ত মহাপরিচালক, কর্মসংস্থান উইং, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
৫। পরিচালক (সকল), জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
৬। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস, রিয়াদ/জেদ্দা, সৌদি আরব।
৭। সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), আইটি শাখা, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো।
৮। সহকারী প্রোগ্রামার, আইটি শাখা, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৯। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
১০। অফিস কপি, ।

১৭-০৭-২০২৫
মোঃ তাজিম-উর-রহমান
পরিচালক